জাতীয় নাগরিক পার্টি কেন্দ্রীয় সংগঠক মেহেরপুরের ছেলে সাকিল

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কেন্দ্রীয় সংগঠক নির্বাচিত হয়েছেন মেহেরপুরের গাংনীর ছেলে অ্যাডভোকেট সাকিল আহমাদ।

সাকিল আহমাদ গাংনী উপজেলার কড়ইগাছি বামন্দী গ্রামের রুহুল আমিনের ছেলে।

রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউতে ২৮ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করা নতুন ছাত্র-নেতৃত্বাধীন রাজনৈতিক দল ‘জাতীয় নাগরিক পার্টির’ কমিটিতে গাংনীর এই কৃতি সন্তান স্থান পান।

সাকিল আহমাদ কুষ্টিয়ার একটি ক্যাডেট মাদ্রাসা থেকে প্রাথমিক শিক্ষা শেষ করে ঢাকার টঙ্গি তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা থেকে আলিম পাস করেন। প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত সব পরীক্ষায় গোল্ডেন জিপিএ পেয়ে কৃতিত্বের স্বাক্ষর রাখেন। পরে রাজধানীর নর্দান ইউনিভার্সিটি থেকে আইন বিষয়ে স্নাতক সম্পন্ন করেন। সেখানেও তিনি প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করেন।

ছাত্রজীবন থেকেই সাকিল আহমাদ সাংবাদিকতা শুরু করেন। ঢাকার কয়েকটি শীর্ষস্থানীয় অনলাইন পোর্টাল ও পত্রিকায় কাজ করেন। পরবর্তীতে শিক্ষা জীবন শেষ করে বাংলাদেশ সুপ্রিম কোর্টে আইনজীবী হিসেবে আত্মপ্রকাশ করেন। বর্তমানে তিনি সুপ্রিম কোর্টের আইনজীবী হিসেবে কর্মরত আছেন।

সাকিল আহমাদ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শুরু থেকেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

এদিকে অ্যাডভোকেট সাকিল আহমাদ জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কেন্দ্রীয় সংগঠক নির্বাচিত হওয়ায় মেহেরপুর জেলা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, সদস্য সচিব মোজাহিদুল ইসলামসহ নাগরিক কমিটির নেতৃবৃন্দ ও সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাকে অভিনন্দন জানিয়েছেন।

কুতুবপুর ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা কুতুবপুর ইউনিয়ন বিএনপির রুদ্রনগর ১ নং ওয়ার্ডের কমিটির সদস্য ও সংগ্রহ পূর্ণ গঠন উপলক্ষে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত আটটার দিকে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নে বিএনপি’র আয়োজনে রুদ্রনগর গ্রামে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

কুতুবপুর ইউনিয়ন বিএনপি ১ নং ওয়ার্ডের কর্মী সমাবেশ অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ।

এই সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আব্দুল রহিম, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, পৌর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান তপন, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য ফুর্তি হাসান সৌরভ, বিএনপি নেতা আবুল হাশেম সহ কুতুবপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

কুতুবপুর ইউনিয়ন বিএনপি রুদ্রনগর ১ নং ওয়ার্ডের কর্মী সমাবেশ অনুষ্ঠান সঞ্চালনা করেন জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি।

মেহেরপুরে জামায়েতে ইসলামীর গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজ উদ্দিনের নেতৃত্বে মেহেরপুরে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) বিকেল পাঁচটার দিকে মেহেরপুর পৌরসভা বড় বাজার এলাকায় এই গণসংযোগ অনুষ্ঠিত হয়।

এসময় জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারী মোঃ ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মাহবুব উল আলম, রাজনৈতিক সেক্রেটারি মাওলানা কাজী রুহুল আমিন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম, পৌর আমীর সোহেল রানা ডলার, আদর্শ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ আল-আমিন বকুল, পৌর জামায়েত ইসলামীর পেশাজীবী সভাপতি ডাঃ আব্দুস সালাম, জেলা ছাত্রশিবিরের সেক্রেটারী মোঃ আব্দুস সালাম, পৌরসভার জামায়েত ইসলাম ৯ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সোহেল রানা, সাইফুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও বাংলাদেশ জামায়াতে ইসলামীর বিভিন্ন জেলা নেতাকর্মীরা গণসংযোগে অংশগ্রহণ করেন।

দলের বিরুদ্ধে কাজ করলে ছিটকে পড়বেন

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা পরিষদের সদস্য খুলনা বিভাগের সমন্বয়ক, ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান বলেন, সামনে নির্বাচন। দলে নেতৃত্বের প্রতিদ্বন্দ্বীতা থাকবে। কিন্তু কেউ দলের বিরুদ্ধে কাজ করবেন না। দলের বিরুদ্ধে কাজ করলে ছিটকে পড়বেন। ঐক্যর কোনো বিকল্প নেই। তাই ঐক্য এবং ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি বলেন, বাংলাদেশে যখনই কোন সঙ্কট এসেছে তখনই জিয়া পরিবার সামনে এসেছে। ১৯৭১ সালে মানুষ যখন দ্বিকবিদিক ছোটাছুটি করছে ঠিক তখন কালুর ঘাট বেতার কেন্দ্র থেকে শহীদ জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন। আমরা পেয়েছিলাম স্বাধীনতা।
গতকাল মঙ্গলবার বিকেলে মেহেরপুর সরকারি কলেজ ফুটবল মাঠে আয়োজিত জনসভায় তিনি এ কথা বলেন।

নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি সহনীয় পর্যায়ে রাখা অবনতিশীল আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি দ্রত গণতান্ত্রিক যাত্রাপথে উত্তরণের জন্য নির্বাচনী রোডম্যাপ ঘোষণা এবং রাষ্ট্রে পতিত ফ্যাসিবাদের নানা চক্রান্তের অপচেষ্টা মোকাবেলাসহ বিভিন্ন দাবিতে বিএনপির এ জনসভা অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন এই জনসভায় সভাপতিত্ব করেন।

প্রধান অতিথির বক্তব্যে ডাকসুর এই নেতা আরও বলেন, শেখ মুজিব মানুষের কথা বলার অধিকার কেড়ে নিয়েছিলেন। মানুষের কথা বলার অধিকার ছিল না। চারটি সংবাদপত্র রেখে বাকী সব সংবাদপত্র বন্ধ করে দিয়েছেন।

সেসময় প্রেসিডেন্ট জিয়াউর রহমান ক্ষমতায় এসে সব সংবাদপত্র খুলে দিয়েছেন, সব রাজনৈতিক দলকে রাজনীতি করার সুযোগ দিয়ে বহুদলীয় গণতন্ত্র প্রবর্তন করেন।

খালেদা জিয়া ক্ষমতায় এসে সংসদে বীল পাশ করে সংসদীয় গণতন্ত্র এনেছেন। তত্বাবধায়ক সরকার ব্যবস্থা চালু করেছেন। তিন তিনটা ভোট সেই তত্বাবধায়ক ব্যবস্থায় হয়েছে।

স্বৈরাচার শেখ হাসিনা ক্ষমতায় এসে তত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করে মানুষের ভোটাধিকার কেড়ে নিয়েছিলেন। পুলিশ প্রশাসন দিয়ে দিনের ভোট রাতে কেটেছেন।

খালেদা জিয়া দীর্ঘ ৯ বছর স্বৈরাচার এরশাদের বিরুদ্ধে আন্দোলন করে তাকে ক্ষমতা থেকে নামিয়েছেন আর তারেক রহমান দীর্ঘ ১৬ বছর আন্দোলনের নেতৃত্ব দিয়ে স্বেরাচার হাসিনাকে বিদায় করেছেন।

তিনি বলেন, বিএনপি নেতা ইলিয়াছ, চৌধুরী আলম, সুমনকে গুম করা হয়েছে। হাজার হাজার বিএনপি ছাত্র দল, যুবদলের নেতাকর্মীকে হত্যা ও সর্বশেষ জুলাই আগষ্টের ছাত্র জনতার রক্তের বিনিময়ে আমরা নতুন বাংলাদেশ পেলাম। আগামীতে নির্বাচন হবে। সেই নির্বাচনে বিএনপি

সরকার গঠন করবে।

তিনি বলেন বিএনপি ক্ষমতায় এলে বাংলাদেশ স্বনির্ভর হয়। শহীদ জিয়া ও খালেদা জিয়া এদেশকে স্বনির্ভর করেছেন। আগামীতে তারেক রহমান দেশকে স্বনির্ভর করবেন।

নেতাকর্মীদের হুশিয়ারি দিয়ে আমান বলেন, দলে নেতৃত্বের প্রতিদ্বন্দ্বীতা থাকবে। কিন্তু কেউ দলের বিরুদ্ধে কাজ করবেন না। দলের বিরুদ্ধে কাজ করলে ছিটকে যাবেন। ঐক্যর কোনো বিকল্প নেই। তাই ঐক্য এবং ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, স্বৈরাচার হাসিনা সরকার বিগত দিনে খালেদা জিয়ার বিরুদ্ধে মিথ্যা মামলা ও মিথ্যা সাজা দিয়ে ৬ বছর কারাগারে রেখেছিল। তাকে স্লো পয়জন দিয়ে অসুস্থ করে রেখেছিল। ডাক্তার বারবার বিদেশে পাঠিয়ে চিকিৎসা করানোর কথা বললেও সেটা করা হয়নি। অথচ, আওয়ামী লীগের সান্ডা, পান্ডা, চেয়ারম্যান মেম্বর পর্যন্ত বিদেশে গিয়ে চিকিৎসা করিয়েছেন।

বলেছিলো শেখ মুজিবের বেটি পালায় না, তার একদিন পরে গোষ্টীসহ পালিয়ে গেল। বেগম খালেদা জিয়া ৯ বছর স্বৈরাচার বিরোধী আন্দোলন করে গণতন্ত্র পুনুরদ্ধার করেছিলো। তিনি বলেন, বিএনপি ক্ষমতায় আসলে বাংলাদেশ স্বর্নিভর হয়।

নেতৃত্বে বিরোধ থাকবে দলের বিরুদ্ধে কাজ করা যাবে না, দলের বিরুদ্ধে কাজ করলে ছিটকে পড়বেন। তারেক রহমানের নেতৃত্বে ঐক্যব্দ হয়ে কাজ করতে হবে।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড.কামরুল হাসানের সঞ্চালনায় অতিথির বক্তব্য রাখনে মেহেরপুর জেলা বিএনপির সদস্য ও সাবেক এমপি মাসুদ অরুন ও আমজাদ হোসেন।

এছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, জাহাঙ্গীর বিশ্বাস, ফয়েজ মোহাম্মদ, বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেন, জেলা বিএনপির সদস্য ইলিয়াছ হোসেন, আনসারুল হক, হাফিজুর রহমান হাফি, আলমগীর খান ছাতু, ওমর ফারুক লিটন, মোহাম্মদ আব্দুল্লাহ, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক,

সাধারণ সম্পাদক কাওছার আলী।

এর আগে দুপুর থেকেই জেলা উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতাকর্মীরা ব্যানার ফ্যাস্টুন হাতে খন্ড খন্ড মিছিল নিয়ে মেহেরপুর সরকারি কলেজ মাঠের এই জনসভায় জড়ো হতে থাকেন।

জনসভার শুরুতেই পিলখানায় হত্যাকান্ডে নিহত সেনা সদস্যদের স্বরণে ২৫ ফেব্রুয়ারী জাতীয় সেনাশোক দিবস উপলক্ষে সভাস্থলে দোওয়া ও মোনাজাত করা হয়।

মেহেরপুরে ইউনিয়ন আওয়ামী লীগের সম্পাদকসহ গ্রেফতার ৫

গত ২৪ ঘন্টার অপারেশন ডেভিল হান্টে গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তৌহিদ মূর্শেদ অতুলসহ মেহেরপুর জেলায় ৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে গ্রেফতার হয়েছেন সাহারবাটি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্যানেল চেয়ারম্যান তৌহিদ মূর্শেদ অতুল, সদর উপজেলার শিংহাটি গ্রামের আওয়ামী লীগের সভাপতি মানারুল ইসলাম রয়েছেন।

গতকাল সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে ও আজ মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) ভোররাত পর্যন্ত জেলা পুলিশের পৃথক দল পৃথকভাবে অভিযান চালিয়ে তাঁদের গ্রেফতার করেন।

এছাড়া সদর থানা পুলিশ ৩ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে এক আসামি গ্রেফতার হয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই অভিযানে নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম পিপিএম এ তথ্য নিশ্চিত করেছেন।

মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতে নেয়া হবে বলে জানান এসপি।

কোটচাঁদপুরে দুই যুবলীগ নেতা আটক

কোটচাঁদপুরে অপারেশন ডেভিল হান্টে যুব লীগের দুই নেতা পুলিশের হাতে আটক হয়েছে।

রবিবার দুপুরে তাদেরকে আটক করা হয়। পরে ওই দুজনকে কালিগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছেন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কবির হোসেন মাতুব্বর।

পারিবারিক সুত্রে জানা যায়, রবিবার দুপুরে আব্দুল মালেক (৫৩) সাবদারপুর বাজার থেকে দয়ারামপুরে বাড়িতে ফিরছিলেন। এ সময় লক্ষিপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) লুৎফর রহমান তাকে আটক করেন। আব্দুল মালেক দয়ারামপুর গ্রামের মৃত তাহাজ্জেদ বিশ্বাসের ছেলে। তিনি দোড়া ইউনিয়ন যুবলীগের সভাপতি ছিলেন।

অন্যদিকে বাবুল আহম্মেদ(৫০) কে আটক করেছেন স্থানীয় লক্ষিপুর বাজার থেকে। তিনি ওই গ্রামের শাখায়াত হোসেনের ছেলে। সে দোড়া ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ছিলেন বলে দলীয় সুত্রে জানা গেছে।

লক্ষিপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) লুৎফর রহমান বলেন, আটকৃতরা হলেন দোড়া ইউনিয়ন যুবলীগের সভাপতি / সাধারণ সম্পাদক। এদের মধ্যে আব্দুল মালেককে দয়ারামপুর বাজারের পাশ থেকে ও বাবুল আহম্মেদকে লক্ষিপুর বাজার থেকে আটক করা হয়।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, তাদেরকে আটক করে কালীগঞ্জ থানায় হস্তান্তর করা

হয়েছে। কারণ এ থানায় ওই সংক্রান্ত কোন মামলা নাই।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের ৫১ সদস্যের আহ্বায়ক কমিটির অনুমোদন

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের মেহেরপুর জেলা শাখার ৫১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। দলের সভাপতি এস এম জিলানী ও সাধারণ সম্পাদক রাজিব আহসান গতকাল শনিবার এই কমিটির অনুমোদন দেন।

কমিটিতে আহ্বায়ক হিসেবে মোঃ আজমুল হোসেন মিন্টু ও সদস্য সচিব হিসেবে মোঃ শহিদুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়াও সিনিয়র যুগ্ম-আহ্বায়ক হিসেবে মোঃ মাহফুজুর রহমান মাহফুজ, যুগ্ম-আহ্বায়ক হিসেবে মোস্তাফিজুর রহমান সজিব, ইলিয়াস হোসেন, হারুন অর রশিদ বাচ্চু, মোঃ ফিরোজুর রহমান, মোঃ রাকিবুল ইসলাম সজল, মোঃ চঞ্চল, এম এম সালাউদ্দিন ও ইকবাল হাসানকে নিয়োগ দেওয়া হয়েছে।

সদস্য হিসেবে এড. মিজানুর রহমান, এডাম সুমন, এড. এশবার জাহান (তমা), বাশিরুল আজিজ হাসান, বুলবুল আহমেদ, মোঃ কায়কোবাদ, মনিবুল খান, মোঃ টিটোন, মোঃ হারুন, মোঃ মনিরুল ইসলাম, মোঃ লাবলু রহমান, মোঃ বাদশা মিয়া, মোঃ ফুর্তি হাসান, মোঃ আাক্তাররুজ্জামান কালু, মোঃ টিপু সুলতান টিপু, মোঃ আলীমুজ্জামান নুটু, মোঃ কাফিরুল ইসলাম, মোঃ আব্দুল লতিফ, মোঃ স্বপন আলী, মোঃ জাহাঙ্গীর আলম, মোঃ আক্তারুজ্জামান, মোঃ সুজন আলী, মোঃ শাহ আলম ও আব্দুল আলিমকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

দেবাশীষ বাগচির মামলায় মৃদুলের ১ বছর জেল, ৩ কোটি ৬০ লাখ টাকা জরিমানা

মেহেরপুর অর্থঋণ আদালতে দেবাশীষ বাগচির দায়ের করা মামলায় সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ছোট ভাই সরফরাজ হোসেন মৃদুলের ১ বছর জেল, ৩কোটি ৬০ লাখ টাকা জরিমানা করেছেন আদালত।

রবিবার মেহেরপুরে যুগ্ম দায়রা জজ ২য় আদালতের বিচারক এইচ এম কবির হোসেন এ আদেশ দেন। সরফরাজ হোসেন মৃদুল মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক। বাদী দেবাশীষ বাগচি মৃদুলের ব্যবসায়ী সহযোগী ছিলেন।

আদেশে বলা হয়েছে, ৩ কোটি ৬০ লাখ টাকা জরিমানার ১ কোটি ৮০ লাখ টাকা বাদীকে এবং ১ কোটি ৮০ লাখ টাকা সরকারি কোষাগারে জমা দিতে হবে। একই সঙ্গে এ মামলায় তিনি যে কয়দিন হাজত খেটেছেন সে কয়দিন সাজার এক বছর থেকে কর্তন হবে।

আদেশ ঘোষণার সময় সরফরাজ হোসেন মৃদুলে মেহেরপুর কারাগার থেকে আদালতে হাজির করা হয়। আদেশ ঘোষনার পর পুনরায় জেলা কারাগারে পাঠানো হয়।

মামলায় বাদি পক্ষে খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল এবং আসামি পক্ষে খন্দকার আব্দুল মতিন আইনজীবীর দায়িত্ব পালন করেন।

২০২৩ সালে সরফরাজ হোসেন মৃদুলের ব্যবসায়ীক পার্টনার দেবাশীষ বাগচি আদালতে এক কোটি ৮০ লাখ টাকার চেক ডিজঅনারের একটি মামলা করেন। যার মামলা নম্বর-৯০৭/২৩ (মেহেরপুর)।

মামলার এজহারে বাদী অভিযোগ করেন, পারিবারিক সূত্রে বহু বছর যাবৎ ঠিকাদারি ব্যবসা করে আসছি। সে ধারাবাহিকতায় ২০১৫ সালে শহীদ সরফরাজ হোসেন মৃদুলের সঙ্গে যৌথভাবে ঠিকাদারি ব্যবসা শুরু করি। ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত গণপূর্ত, জনস্বাস্থ্য, শিক্ষা প্রকৌশলী, এলজিইডিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রায় ৩০ থেকে ৩৫টা নির্মাণকাজ সম্পূর্ণ করেছি। যার আনুমানিক মূল্য প্রায় ২৫ থেকে ২৭ কোটি টাকা। ২০২১ সালের প্রথম দিকে যৌথ ঠিকাদারি ব্যবসা

পরিসমাপ্তি ঘটালে তার সঙ্গে আমার মূলধন ও লভ্যাংশসহ আনুমানিক দুই কোটি ৫০ লাখ টাকার বেশি পাওনা হয়। প্রাপ্য টাকা না পেয়ে আমি, আমার ও তার পরিবারের লোকজনসহ জেলা যুবলীগের অন্যান্য নেতৃবৃন্দকে অবহিত করি। এক সময় সবার হস্তক্ষেপে ২০২৩ সালের জানুয়ারিতে আমার সঙ্গে হিসাব করতে রাজি হয়। আমি হিসাবে বসতে বললে বিভিন্ন অজুহাতে সময় ক্ষেপণ করে একপর্যায়ে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বললে তখন সে মৌখিকভাবে এক কোটি ৮০ লাখ টাকা দেবার প্রতিশ্রুতি দিয়ে মীমাংসা করে এবং আমাকে ২০২৩ সালের বছরের জুলাই মাসের ১৬ তারিখে ঢাকায় যেতে বলে। ঢাকার আদাবরে তার বাসার সামনে গেলে রিংরোড সাহাবুদ্দিন প্লাজার ওসিস কফিশপে বসে আমাকে ২৪ জুলাই তারিখ দিয়ে রূপালি ব্যাংক মেহেরপুর শাখার এক কোটি ৮০ লাখ টাকার একটি চেক প্রদান করেন বাদী।

আমি চেকে দেওয়া তারিখ অনুযায়ী ২৪ জুলাই টাকা উত্তোলনের জন্য অগ্রণী ব্যাংকে চেক জমা করি। এক সপ্তাহ পর ব্যাংক থেকে চেক ডিজঅনার দেখিয়ে সার্টিফিকেট প্রদান করে। যেখানে লেখা আছে, গত ৪ এপ্রিল ২০২১ তারিখে অ্যাকাউন্ট বন্ধ করা হয়েছে। ১ আগস্ট ২০২৩ তারিখে ব্যাংক চেক ডিজাঅনার সার্টিফিকেট দেয়। আমি বিষয়টি আসামীকে জানালে সে আমাকে আজকাল করে ঘুরিয়ে নিয়ে বেড়াতে থাকে। অতঃপর আমি বিজ্ঞ এ্যাডভোকেট সাহেবের মাধ্যমে গত ৩০ আগস্ট আসামী বরাবর এন আই এক্ট ১৮৮১ এর বিধান মতে ডাকযোগে নোটিশ প্রদান করিয়া চেকে উল্লেখিত এক কোটি আশি লক্ষ টাকা পরিশোধ করিয় চেকটি ফেরত অথবা বাতিল করার অনুরোধ করি।

চেক ডিজঅনারের মামলায় করায় মন্ত্রীর ক্ষমতায় মৃদুল উল্টো দেবাশীষ বাগচীর বিরুদ্ধে চেক চুরির মামলা করে। পরে ওই মামলায় পুলিশ চেক উদ্ধারের জন্য দেবাশীষের বাড়িতে তল্লাশি চালিয়ে হয়রানি করে।

ওই ঘটনার পরে গতবছরের ৫ সেপ্টেম্বর সকাল সাড়ে ১১টায় মেহেরপুরের সোডাপ মিলনায়তনে জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহীদ সরফরাজ হোসেন মৃদুলের বিরুদ্ধে করা সংবাদ সম্মেলনে পাওনা টাকা ও ন্যায়বিচার না পেলে পরিবারসহ আত্মহত্যার হুমকি দিয়েছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য দেবাশীষ কুমার বাগচি মনু।

এদিকে, মামলার আদেশ ঘোষণার পর দেবাশীষ বাগচি মানু তার ফেসবুকে ‘আমিই মানু’ লিখে হাসিমাখা ছবি পোস্ট করেন।

মেহেরপুরে আওয়ামী লীগের তিন নেতা গ্রেফতার

অপারেশন ডেভিল হান্টে মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মান্নান (৬০), গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন মাস্টারসহ তিন আওয়ামী লীগের নেতাকে গ্রেফতার করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরের দিকে আব্দুর রউফ স্বপন মাস্টারকে ও আব্দুল মান্নানকে তাদের নিজ বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশের পৃথক টিম।

গ্রেফতারকৃত আব্দুল মান্নান মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামের এলাহী বকসের ছেলে ও কাজিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুর রউফ স্বপন কাজিপুর গ্রামের হালশানা পাড়ার গিয়াস উদ্দীন মেম্বরের ছেলে ও আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। অপর আটককৃত হলেন, গাংনী পৌর আওয়ামী লীগের ২ নং ওয়ার্ড শিশিরপাড়া গ্রাম আওয়ামী লীগের সাবেক সভাপতি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ও মুজিনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি বানী ইসরাইল ও মিজানুর রহমান জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে সন্ত্রাস দমণ আইনে পৃথক মামলা রয়েছে। বৃহস্পতিবার বিকালের দিকে তাদের আদালতে নেওয়া হবে।

মেহেরপুরের আমঝুপিতে জেলা বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে মেহেরপুরের আমঝুপিতে জেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন বিএনপির উদ্যোগে বুধবার (১৯ ফেব্রুয়ারি) বিকেল ৪ টার দিকে আমঝুপি সরকারি বালক প্রাথমিক বিদ্যালয় এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য এম এ কে খায়রুল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

এসময় তিনি বলেন, আপনারা নির্যাতন সহ্য করেছেন জুলুম সহ্য করেছেন কেন কিসের জন্য সহ্য করেছেন বাংলাদেশে একটি সুষ্ঠু সমাজ ব্যবস্থা কায়েম করার জন্য সুষ্ঠু রাষ্ট্রীয় ব্যবস্থা কায়েম করার জন্য বাংলাদেশের হারানো গণতন্ত্রকে পুনরুদ্ধার করে বাংলাদেশের মানুষের কাছে ফিরিয়ে দেওয়ার জন্য। আমরা গণতন্ত্রের জন্য লড়াই করেছি। আজকে আমরা জুলাই আগস্ট এর রক্ত খয়ি গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে আমরা নতুন বাংলাদেশে প্রবেশ করেছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ ও জেলা বিএনপির সদস্য মোঃ ওমর ফারুক লিটন।

মেহেরপুর সদর উপজেলা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপনের সঞ্চালনায় এসময় জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, মোছাঃ রোমানা আহম্মদ, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন প্রমুখ উপস্থিত ছিলেন।